

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 09-08-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Biswabandhu Sen :**

বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন গতকাল ধর্মনগর যাওয়ার উদ্দেশ্যে আগরতলা রেল স্টেশনে হঠাৎ অচৈতন্য হয়ে পড়ে যান। তাঁকে সঙ্গে সঙ্গে ত্রিপুরা মেডিক্যাল কলেজে নিয়ে যাওয়া হয়। পরীক্ষা-নিরীক্ষার পর চিকিৎসকগণ মস্তিষ্কে অভ্যন্তরীণ রক্তক্ষরণের কারণে দ্রুত অস্ত্রোপচারের পরামর্শ দেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা তাঁর শারীরিক অবস্থার খোঁজ নিতে দ্রুত হাসপাতালে পৌঁছান। রাতেই একটি বেসরকারি হাসপাতালে তাঁর সফল অস্ত্রোপচার করা হয়। বর্তমানে তাঁর শারীরিক অবস্থা কিছুটা স্থিতিশীল। মুখ্যমন্ত্রী এক বিবৃতিতে অধ্যক্ষের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

\*\*\*\*\*

**CM Muktaadhara :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন সমাজের প্রতিটি ক্ষেত্রেই রবীন্দ্রনাথের চিন্তা ভাবনা জড়িয়ে রয়েছে। তাই কবিগুরুর সাহিত্য, দেশপ্রেমের চিন্তাধারা আগামী প্রজন্মের কাছে বেশি করে তুলে ধরতে হবে। গতকাল মুক্তধারা অডিটোরিয়ামে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবস উপলক্ষে আয়োজিত শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে একথা বলেন মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\*

**Prashar Bharati :**

প্রসার ভারতীর সিইও গৌরব দ্বিবেদী বলেছেন, প্রসার ভারতী দর্শক শ্রোতাদের ওয়েভস ওটিটি প্ল্যাটফর্মে তথ্য, শিক্ষা ও বিনোদনের ক্ষেত্রে প্রবেশাধিকার নিশ্চয়তার কাজ করছে। গতকাল নতুন দিল্লিতে ওয়েভস ওটিটি প্ল্যাটফর্মে ম্যাগাজিন স্টোরের উদ্বোধন উপলক্ষে আকাশবাণীর প্রতিনিধিকে দেওয়া এক সাক্ষাৎকারে শ্রী দ্বিবেদী বলেন, ওয়েভস ওটিটি প্ল্যাটফর্ম ব্যবহারকারীরা প্রতি মাসে ৯৯ টাকা বা বছরে ৯৯৯ টাকায় এই পরিষেবাটি সাবস্ক্রাইব করতে পারবেন।

#####Prashar Bharati CEO#####

\*\*\*\*\*

**Ratan Lal Nath :**

পশ্চিম জেলার সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে কৃষিমন্ত্রী রতন লাল নাথ গতকাল পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সাধারণ সভায় বিভিন্ন কাজ পর্যালোচনা করেন। সভায় বিভিন্ন প্রকল্পের অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বিশদ আলোচনা হয়। মন্ত্রী বলেন, পিএম কুসুম প্রকল্পের আওতায় সারা রাজ্যে দশ হাজার জল সেচ সুবিধা স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সভায় উপস্থিত জনপ্রতিনিধি ও আধিকারিকরা সিদ্ধান্ত নিয়েছেন আগামী ৮ সেপ্টেম্বর এর মধ্যে প্রধানমন্ত্রী সূর্য ঘর প্রকল্পের আওতায় সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপন এবং স্মার্ট মিটার চালু করা হবে তিনি আশা প্রকাশ করেন এই ধরনের সভা জেলার উন্নয়নে গতি আনবে এবং সরকারি দপ্তরগুলির কাজে নতুন উদ্যম যোগাবে।

\*\*\*\*\*

**PM Modi :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল অমৃতসর ও মাতা বৈষ্ণোদেবী-কাটরার মধ্যে বন্দেভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার সূচনা করবেন। ভার্চুয়ালী এক অনুষ্ঠানে তিনি এই যাত্রা শুরুর সংকেত দেবেন।

\*\*\*\*\*

### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী আগামী ৩১শে আগস্ট, রবিবার আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগণের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’এর ১২৫ তম পর্ব। আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর News on air ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। Toll Free নম্বর 1800-11-7800 নম্বরে SMS করে কিংবা My Gov বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

\*\*\*\*\*

### **Kanchanjangha Stoppage :**

কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস আগামী ১৪ই আগস্ট থেকে বিলোনিয়া ও জোলাইবাড়ি রেলস্টেশনে থামবে। এন.এফ রেলওয়ে সূত্রে এখবর জানানো হয়েছে।

\*\*\*\*\*

### **Har Ghar Tiranga Khowai :**

খোয়াই মহকুমাতেও হর ঘর তিরঙ্গা কর্মসূচি উদযাপন করা হচ্ছে। গতকাল খোয়াই মহকুমা শাসকের অফিস কক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে মহকুমা শাসক নির্মল কুমার বলেন, সকলস্তরের মানুষের মধ্যে দেশপ্রেমের

বোধ জাগ্রত করতে এবং ঐক্য সংহতির বার্তা আরও মজবুত করতে মহকুমার সর্বত্র এই কর্মসূচি পালন করা হচ্ছে।

\*\*\*\*\*

### **Blood Donation :**

দক্ষিণ জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল বিলোনিয়ায় এক মেগা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ১৪২ জন রক্তদান করেন।

\*\*\*\*\*

### **Health Camp :**

সাব্রম প্রেসক্লাবের উদ্যোগে গতকাল সাব্রম পূর্ব মনুঘাট হাইস্কুলে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২১০ জন রোগীকে চিকিৎসা বিষয়ক পরামর্শ ও বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **1st Division :**

টি.এফ.এ পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের ব্লাডমাউথ ক্লাব ও নাইন বুলেটস ক্লাবের খেলাটি ১-১ গোলে ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় উভয় দল এক পয়েন্ট করে পায়।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের সিপাহীজলা ও দক্ষিণ জেলায় বজ্র-বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা

৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে।

\*\*\*\*\*